

ঘোন হয়রানির অভিযোগে পাবিপ্রবি শিক্ষক বহিষ্কার

পাবিপ্রবি প্রতিনিধি



সংগৃহীত ছবি

ঘোন হয়রানির অভিযোগে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি

বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) এক শিক্ষককে স্থায়ীভাবে বহিষ্কার করা
হয়েছে। ওই শিক্ষকের নাম সুব্রত কুমার বিশ্বাস। তিনি
বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের সহকারী অধ্যাপক হিসেবে
কর্মরত ছিলেন।

গত ২৬ জুলাই (শনিবার) বিশ্ববিদ্যালয়ের ৭৩তম রিজেন্ট বোর্ডে
এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

আজ সোমবার বিষয়টি জানা গেছে।

খোঁজ নিয়ে জানা যায়, শিক্ষক সুব্রত কুমার বিশ্বাসের সঙ্গে
সমাজকর্ম বিভাগের স্নাতকোত্তরের এক ছাত্রীর দীর্ঘদিনের প্রেমের
সম্পর্ক ছিল। এক পর্যায়ে বিয়ের আশ্বাসে তারা শারীরিক সম্পর্কে

জড়ান। কিন্তু পরবর্তীতে সুব্রত ওই ছাত্রীকে বিয়ে করতে অস্বীকৃতি জানান।

এরপর গত বছরের ২২ সেপ্টেম্বর সুব্রত কুমার বিশ্বাসের বিরুদ্ধে ওই ছাত্রী বিভাগের চেয়ারম্যানের কাছে ঘোন হয়রানির অভিযোগ দেন।

এরপর ২৩ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলে এ অভিযোগ নিয়ে একটি তদন্ত কমিটি করা হয়। সেই কমিটি ৯ অক্টোবর ওই শিক্ষককে সব একাডেমিক কার্যক্রম থেকে অব্যাহতি দেওয়ার সুপারিশ করে রেজিস্ট্রারের কাছে চিঠি দেন। এরপর এ নিয়ে বিশ্ববিদ্যালয়ের ঘোন নিপীড়ন বিরোধী সেল উচ্চতর তদন্ত করেন।

তদন্তে তারা এ অভিযোগের সত্যতা পান। এরপর তারা ‘উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ঘোন হয়রানি ও নিপীড়ন বিরোধ নীতিমালা, ২০০৮’ অনুযায়ী সুব্রত কুমার বিশ্বাসকে স্থায়ীভাবে বহিক্ষারের সুপারিশ করেন।

এ বিষয়ে জানতে শিক্ষক সুব্রত কুমার বিশ্বাসের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তিনি ফোন রিসিভ করেননি।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এস এম আবদুল আওয়াল বলেন, ‘রিজেন্ট বোর্ডে এক শিক্ষককে বিশ্ববিদ্যালয় থেকে স্থায়ীভাবে বহিক্ষারের সিদ্ধান্ত হয়েছে। আইন অনুযায়ী এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

